**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 24-02-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ৯ কোটি ৮০ লক্ষ কৃষককে প্রধানমন্ত্রী কিষাণ যোজনার ১৯তম কিস্তি প্রদান করেন।**

**(২) রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে ৩ শতাধিক পদে লোক নিয়োগের সিদ্ধান্ত নিয়েছে রাজ্য মন্ত্রিসভা।**

**(৩) ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত উচ্চমাধ্যমিক পরীক্ষা আজ থেকে শুরু হয়েছে। মাধ্যমিক পরীক্ষা আগামীকাল থেকে।**

**(৪) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ ৭৩তম বি এন মল্লিক সর্বভারতীয় পুলিশ ফুটবল প্রতিযোগিতার উদ্বোধন করেন ।**

**************************************

**PM–KISAN :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বলেছেন যে তাঁর স্বপ্ন হল বিশ্বের প্রতিটি রান্নাঘরে অন্তত একটি করে ভারতের খাবারের উপস্থিতি নিশ্চিত করা। প্রধানমন্ত্রী বলেন যে তাঁর সরকার কৃষিপণ্যের রপ্তানি, প্রক্রিয়াকরণ এবং বিপণনকে উৎসাহিত করে এই লক্ষ্যে নিরলসভাবে কাজ করছে। আজ ৯ কোটি ৮০ লক্ষ কৃষককে প্রধানমন্ত্রী কিষাণ প্রকল্পের ১৯তম কিস্তি প্রদানের পর ভাগলপুরে এক জনসভায় ভাষণ দিচ্ছিলেন তিনি। তিনি আর্থিক সহায়তা হিসেবে ২২,৭০০ কোটি টাকা প্রদান করেন।

########Byte–PM########

প্রধানমন্ত্রী মাখানার প্রচার প্রসঙ্গে তিনি বলেন মাখানা বোর্ড গঠনের পর বিশ্ব বাজারে রপ্তানি বৃদ্ধি পাবে এবং কৃষকরা উৎপাদন, মূল্য সংযোজন

এবং বিপণনে সহায়তা পাবেন। প্রধানমন্ত্রী আম, টমেটো, পেঁয়াজ এবং আলু উন্নীত করার জন্য বিহারে ভাগলপুর, মুঙ্গের এবং বক্সারে তিনটি নতুন সেন্টার অফ এক্সিলেন্স প্রতিষ্ঠার কথা ঘোষণা করেন।

শ্রী মোদী ১০,০০০তম এফপিও গঠনেরও ঘোষণা করেছেন। তিনি বলেন, এটি কৃষকদের আয় আশ্চর্যজনকভাবে বৃদ্ধি করতে পারে এবং এ পর্যন্ত দেশজুড়ে ৩০ লক্ষ কৃষক এফপিওতে যোগদান করেছেন। প্রধানমন্ত্রী মোদী আনন্দ প্রকাশ করেন যে এফপিওগুলির ৪০ শতাংশ সদস্য মহিলা এবং তারা হাজার হাজার কোটি টাকার ব্যবসা করছেন।

এর আগে প্রধানমন্ত্রী আজ ৭০০ কোটি টাকারও বেশি মূল্যের কৃষি এবং এর সঙ্গে সম্পর্কিত ক্ষেত্র, রেলওয়ে এবং সংযোগ প্রকল্পের উন্নয়ন প্রকল্পের উদ্বোধন করেন।

**************************

**Kishan Samman Nidhi-State :**

কৃষকদের একাউন্টে প্রধানমন্ত্রী কিষান সম্মান নিধির কিস্তির অর্থ বন্টন কর্মসূচীর অনুষ্ঠানটি বিহারের ভাগলপুর থেকে সরাসরি সম্প্রচারের ব্যবস্থা করা হয় রাজ্যের কৃষি মহকুমা কার্যালয়গুলিতে। আগরতলার অরুন্ধতীনগরে কৃষি দপ্তরের ষ্টেট রিসার্চ সেন্টারে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন খাদ্য মন্ত্রী সুশান্ত চৌধুরী, সাংসদ রাজীব ভট্টাচার্য, বিধায়ক মিনারাণী সরকার।

অনুষ্ঠানে খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী সাংবাদিকদের বলেন, কৃষক সম্মান নিধি বিশ্বের সর্ববৃহৎ এক কর্মসূচী। এই প্রকল্পে আজ ১৯তম কিস্তিতে ত্রিপুরায় প্রায় ২ লক্ষ ৮০ হাজার কৃষকের একাউন্টে সরাসরি ৫০ কোটি টাকারও বেশি দেওয়া হয়েছে।

########Byte-Tourism Minister######

*********************************

**PM-KISAN-UNAKOTI :**

পিএম-কিষান যোজনার ১৯তম কিস্তি প্রদানের অনুষ্ঠান আজ কৈলাশহরে সরাসরি সম্প্রচার করা হয়। কৃষি বিজ্ঞান কেন্দ্র ও কৃষি দপ্তরের পক্ষ থেকে আজ কৈলাশহরের চন্ডীপুর ব্লকের কনফারেন্স হলে এই অনুষ্ঠানটি সম্প্রচারের ব্যবস্থা করা হয়। বিভিন্ন এলাকার কৃষকরা ও পিএম - কিষান যোজনার সুবিধাভোগীরা অনুষ্ঠানটি প্রত্যক্ষ করেন। উল্লেখ্য যে, ঊনকোটি জেলাতে পিএম- কিষান যোজনার মোট সুবিধাভোগীর সংখ্যা ১৭ হাজার ৪৭৯ জন। কৈলাশহরের পি,এম কিষান যোজনার সুবিধাভোগী মিন্টু মালাকার পি,এম কিষান যোজনার মাধ্যমে আর্থিক সহায়তা পেয়ে সন্তোষ প্রকাশ করেন।

#######Byte-Mintu Malaker#######

********************************

**PM-Kishan-South :**

দক্ষিণ জেলার বীরচন্দ্রমনু কৃষি বিজ্ঞান কেন্দ্রে আজ প্রধানমন্ত্রীর ভার্চুয়াল ভাষণ শুনেন সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া, বিধায়ক প্রমোদ রিয়াং প্রমুখ। সেখানে প্রধানমন্ত্রীর বক্তব্য শুনতে আসা জেলার ১০০ জন নির্বাচিত কৃষককে কৃষি সামগ্রী প্রদান করা হয়।

*****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*******************************

**Press Meet-Cabinet :**

রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে ৩ শতাধিক পদে লোক নিয়োগের সিদ্ধান্ত নিয়েছে রাজ্য মন্ত্রিসভা। পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী আজ সচিবালয়ে এক সাংবাদিক সম্মেলনে একথা জানান। তিনি জানান, গত শনিবার অনুষ্ঠিত রাজ্য মন্ত্রিসভার বৈঠকে অর্থ দপ্তরের অধীনে ১৪০টি অডিটর (গ্রুপ-সি) পদে নিয়োগের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই পদগুলি পরীক্ষার মাধ্যমে নিয়োগ করা হবে। এজন্য দপ্তরের অধীনে একটি বোর্ড গঠন করা হবে। তিনি আরও জানান, মন্ত্রিসভার বৈঠকে বন দপ্তরের অধীনে ১০৪টি গ্রুপ-সি পদে নিয়োগেরও সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বন দপ্তরও পরীক্ষার মাধ্যমে এই নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করবে। তাছাড়াও মন্ত্রিসভার বৈঠকে সমবায় দপ্তরে ৩০টি বিভিন্ন পদে নিয়োগের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই পদগুলির মধ্যে রয়েছে অডিটর, ইনভেস্টিগেটর, স্ট্যাটিসটিক্যাল ইনভেস্টিগেটর। মন্ত্রিসভার বৈঠকে সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরে ৩৪টি আইসিডিএস সুপারভাইজার (গ্রুপ-সি) পদে নিয়োগেরও সিদ্ধান্ত নেওয়া হয়েছে। টিপিএসসি'র মাধ্যমে এই নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে। পর্যটন দপ্তরে পদোন্নতির ভিত্তিতে ২ জন আপার ডিভিশন ক্লার্ক এবং ৩টি গ্রুপ-ডি পদে নিয়োগ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তাছাড়া মন্ত্রিসভার বৈঠকে স্বাস্থ্য দপ্তরের অধীনে ২টি বায়ো মেডিকেল ইঞ্জিনীয়ার (গ্রুপ-এ) পদে লোক নিয়োগ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। টিপিএসসি'র মাধ্যমে এই নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে বলে তিনি জানান।

*****************************

**TBSE-Exam :**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত উচ্চমাধ্যমিক পরীক্ষা আজ থেকে শুরু হয়েছে। মাধ্যমিক পরীক্ষা শুরু হবে আগামীকাল। আজ উচ্চ মাধ্যমিক পরীক্ষার প্রথম দিনের বিষয় ছিল ইংরেজি। মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি ধনঞ্জয়গন চৌধুরী জানান, এবার উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পরীক্ষার্থীর সংখ্যা ২১ হাজার ৫৭৫ জন।

এবছর মাধ্যমিক পরীক্ষার্থী মোট ২৯ হাজার ৭৮১ জন। এর মধ্যে মাদ্রাসা আলিম পরীক্ষার্থী হচ্ছে ১১১ জন।

এদিকে, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের উচ্চ মাধ্যমিক এবং মাধ্যমিক পরিক্ষার্থীদের আন্তরিক শুভেচ্ছা জানিয়েছেন। তিনি পরিক্ষার্থীদের সাফল্য কামনা করেন।

****************************

**Governor-RBI :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, মহিলাদের আর্থিক স্বাক্ষরতা - পরিবার ও সমাজের আমূল পরিবর্তন ঘটাতে পারে। মহিলারা জনধন যোজনা, সুকন্যা সমৃদ্ধি যোজনা ও পিএম উজ্জ্বলা যোজনার মত সরকারি প্রকল্পগুলির সুবিধা সহজেই গ্রহণ করতে পারবেন। আজ আগরতলায় রিজার্ভব্যাঙ্ক অব ইন্ডিয়ার আগরতলা শাখার উদ্যোগে আয়োজিত আর্থিক স্বাক্ষরতা সপ্তাহ-২০২৫ উদযাপন অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি একথা বলেন। এবছরের আর্থিক স্বাক্ষরতা সপ্তাহ উদযাপনের বিষয় আর্থিক স্বাক্ষরতা-সমৃদ্ধ নারী। অনুষ্ঠানে রাজ্যপাল বলেন, মহিলাদের নিজ নিজ আর্থিক ব্যবস্থাপনার জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জনে রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার আর্থিক স্বাক্ষরতার কর্মসূচি সহায়ক হবে।

রাজ্যপাল মহিলাদের আর্থিক ভবিষ্যৎ দৃঢ় করতে, পরিবারের আর্থিক ব্যবস্থাপনায় অংশীদার হয়ে এক মজবুত সমাজ ও দেশ গঠনের ভাগীদার হওয়ার আহ্বান জানান। তিনি বলেন, আর্থিক স্বাক্ষরতা বিশেষ করে ডিজিট্যাল ব্যাংকিং, অনলাইন পেমেন্ট, সরকারি ভর্তুকি ইত্যাদি সম্পর্কে সচেতনতা থাকলে অর্থনীতিতে তাদের অংশগ্রহণ আরও বাড়বে।

#######Byte-Governor#####

অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন ভারতীয় রিজার্ভ ব্যাংক আগরতলা শাখার জেনারেল ম্যানেজার সুরেন্দ্র নিডর। বক্তব্য রাখেন ক্ষুদ্র সঞ্চয় দপ্তরের অতিরিক্ত সচিব রাখী বিশ্বাস।

******************************

**Job Fair-Udaipur :**

ত্রিপুরা গ্রামীন জীবিকা মিশনের উদ্যোগে আজ উদয়পুর চিলড্রেন পার্কে চাকুরি মেলার আয়োজন করা হয়। মেলার উদ্বোধন করে উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার বলেন, দীনদয়াল উপাধ্যায় গ্রামীণ কৌশল্যা যোজনার মাধ্যমে শিক্ষিত বেকারদের দক্ষতা বৃদ্ধির জন্য দেশের বিভিন্ন স্থানের অভিজ্ঞ প্রশিক্ষকদের দ্বারা প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। প্রশিক্ষণ প্রাপ্তদের মধ্য থেকে ৭০ শতাংশ শিক্ষিত বেকারকে বিভিন্ন সংস্থায় কাজের ব্যবস্থা করে দেওয়ার উদ্দেশ্যেই এই চাকরি মেলা। আজকের চাকুরি মেলায় মোট ৬টি সংস্থা অংশ নেয়।

****************************

**Police-Football :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ সকালে এক বর্ণাঢ্য অনুষ্ঠানের মধ্য দিয়ে ৭৩তম বি এন মল্লিক সর্বভারতীয় পুলিশ ফুটবল প্রতিযোগিতার উদ্বোধন করেন। আগরতলার উমাকান্ত মিনি স্টেডিয়ামে বল-এ পা ছুঁইয়ে এবং বেলুন উড়িয়ে ১২ দিন ব্যাপী জাতীয় এই আসরের উদ্বোধন ঘোষনা করেন মুখ্যমন্ত্রী। তিনি আসরে অংশ নিতে আসা বিভিন্ন রাজ্যের পুলিশ দল সহ আধাসামরিক বাহিনীর দলগুলিকে স্বাগত জানান। জাতীয় এই আসরের আয়োজনের জন্য ত্রিপুরা পুলিশকে ধন্যবাদ জানিয়ে মুখ্যমন্ত্রী ত্রিপুরার ঐতিহ্য ও সংস্কৃতির নানা দিক তুলে ধরে অতিথি দলগুলির সদস্যদের রাজ্যের পর্যটন ক্ষেত্রগুলি ঘুরে দেখারও আমন্ত্রণ জানান।

বক্তব্য রাখেন রাজ্য পুলিশের মহানির্দেশক অমিতাভ রঞ্জন, এডিজিপি (ট্রেনিং) এম রাজা মুরুগণ। উপস্থিত ছিলেন যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায়, ডিজিপি ইন্টেলিজেন্স অনুরাগ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন এ.ডি.জি-জি এস রাও। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রীকে ত্রিপুরা পুলিশের পক্ষ থেকে গার্ড অব অনার দেওয়া হয়।

সর্বভারতীয় এই আসরের খেলাগুলি রাজ্যের তিনটি জেলার মোট পাঁচটি মাঠে আজ থেকে শুরু হয়। এরআগে ক্রীড়াসূচী ঘোষনা করা হয়েছে। পুরুষ বিভাগে ত্রিপুরা দল ডি-গ্রুপে খেলবে। এই গ্রুপের অপর দলগুলি হলো পাঞ্জাব, ঝাড়খন্ড, তেলেঙ্গানা ও মেঘালয়। অপরদিকে মহিলা বিভাগে রাজ্যদল এ-গ্রুপে খেলবে। এই গ্রুপে অপর দলগুলি হলো আসাম রাইফেলস, তামিলনাড়ু, মহারাষ্ট্র ও মণিপুর। আগামী ৭ মার্চ আসরের দুই বিভাগের ফাইনাল খেলা এবং পুরষ্কার বিতরণ করা হবে।

**************************

**Super Division Cricket :**

টিসিএ পরিচালিত ঘরোয়া সুপার ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতার আজ তিনটি ম্যাচ হয়। এতে নরসিংগড়ের টিআইটি মাঠে হার্ভে ক্লাব ৭ উইকেটে সংহতি ক্লাবকে, মেলাঘরের মাঠে ব্লাডমাউথ ক্লাব ৭ উইকেটে ইউনাইটেড ফ্রেন্ডসকে এবং এম বি বি স্টেডিয়ামে জয়নগর ক্রিকেট ক্লাব ২ উইকেটে স্ফুলিঙ্গ ক্লাবকে পরাজিত করে।

**************************

**Weather :**

আগামীকাল আকাশ পরিষ্কার থাকবে। সকালে হালকা কুয়াশা পড়বে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনে সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৭ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস।

* * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * *